

## সুনান আবু দাউদ (তাহকিককৃত)

হাদিস নম্বরঃ ১৫৯৯

৩/ যাকাত (كتاب الزكاة)

পরিচ্ছেদঃ ১২. ফসলের যাকাত সম্পর্কে

### باب صدقة الزرع

আরবী

حَدَّثَنَا الرَّبِيعُ بْنُ سُلَيْمَانَ، حَدَّثَنَا ابْنُ وَهْبٍ، عَنْ سُلَيْمَانَ، - يَعْنِي ابْنَ بِلَالٍ - عَنْ شَرِيكَ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ أَبِي نَمْرٍ، عَنْ عَطَاءِ بْنِ يَسَارٍ، عَنْ مُعَاذِ بْنِ جَبَلٍ، أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بَعَثَهُ إِلَى الْيَمَنِ فَقَالَ " خُذِ الْحَبَّ مِنَ الْحَبِّ وَالشَّأَةَ مِنَ الْغَنَمِ وَالْبَعِيرَ مِنَ الْإِبِلِ وَالْبَقَرَةَ مِنَ الْبَقَرِ " .

- ضعيف

قَالَ أَبُو دَاوُدَ شَبَّرْتُ قِثَاءً بِمِصْرَ ثَلَاثَةَ عَشَرَ شَبْرًا وَرَأَيْتُ أُتْرَجَّةً عَلَى بَعِيرٍ بِقِطْعَتَيْنِ قُطِعَتْ وَصِيرَتْ عَلَى مِثْلِ عِدْلَيْنِ

বাংলা

১৫৯৯। মু'আয ইবনু জাবাল (রাঃ) সূত্রে বর্ণিত। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁকে ইয়ামানে প্রেরণের সময় বললেন, ফসল থেকে ফসল, বকরীপাল থেকে বকরী, উটপাল থেকে উষ্ট্রী, গরুর পাল থেকে গাভী যাকাত বাবদ গ্রহণ করবে।[1]

দুর্বল।

ইমাম আবু দাউদ (রহঃ) বলেন, আমি মিসরের একটি শসা মেপেছি তের বিঘত লম্বা এবং একটি তরমুজ বা লেবু দেখেছি, যা দুই টুকরা করে একটি উষ্ট্রীর উপর দুটি বোঝার মত সমান ভারী অবস্থায় ছিল।

English

Narrated Mu'adh ibn Jabal:

When the Messenger of Allah (ﷺ) sent him to the Yemen, he said (to him): Collect corn from the corn, sheep from the sheep, camel from the camels, and cow from the cows.

Abu Dawud said: In Egypt I saw a cucumber thirteen spans in length and a citron cut into two pieces loaded on a camel like two loads.

### ফুটনোট

[1] ইবনু মাজাহ (অধ্যায় : যাকাত, হাঃ ১৮১৪), হাকিম (অধ্যায় : যাকাত) ইমাম হাকিম বলেন, এ হাদীস বুখারী ও মুসলিমের শর্তে সহীহ যদি মু'আয হতে ইবনু ইয়াসারের শ্রবণ প্রমাণিত হয়। ইমাম যাহাবী বলেন, মু'আযের সাথে ইবনু ইয়াসারের সাক্ষাৎ হয়নি। কাজেই বর্ণনাটি মুনকাতি।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী □ বর্ণনাকারীঃ মু'আয বিন জাবাল (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=58917>

📌 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন